

আপনার প্রি-K অপশনসমূহ অন্বেষণ করা শুরু করুন!

প্রিয় পরিবারবর্গ,

এই শীতের শেষভাগে 2022-2023 শিক্ষা বছরের প্রি-K আবেদন শুরু হবে। 2018 সালে জন্মগ্রহণকারী সকল ছেলেমেয়ে আবেদনের যোগ্য। আপনার সন্তানের প্রি-K অপশনসমূহ সম্পর্কে জানা এবং অন্বেষণ শুরু করার এখনই উত্তম সময়।

প্রি-K প্রোগ্রামগুলো তিনটি ভিন্ন প্রোগ্রাম বিন্যাস বা সেটিংয়ে অফার করা হয়। সবগুলো বিন্যাস বা সেটিংই নিউ ইয়র্ক সিটির চার বছর বয়সী ছেলেমেয়েদের পূর্ণ-দিবসের, উচ্চ-মানসম্পন্ন শিক্ষা অফার করে:

- **নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টার (NYCEECs)**। আর্লি চাইল্ডহুড অভিজ্ঞতাসহ এই কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলো প্রি-K অফার করার জন্য ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) সাথে অংশীদারিত্ব করে।
- **ডিস্ট্রিক্ট স্কুল**। কিছু DOE পাবলিক এলিমেন্টারি স্কুল প্রি-K অফার করে।
- **প্রি-K সেন্টারসমূহ**। এগুলো হচ্ছে DOE-এর আর্লি চাইল্ডহুড সেন্টারসমূহ যেগুলো শুধুমাত্র কিভারগার্টেন পূর্ববর্তী গ্রেডসমূহ অফার করে।

তিন ধরনের প্রি-K আসন রয়েছে:

- **পূর্ণ দিবসের আসনসমূহ** বিনামূল্যে প্রদত্ত এবং স্কুল বছরব্যাপী, সাধারণত সেপ্টেম্বর থেকে জুন পর্যন্ত, প্রতিদিন 6 ঘণ্টা এবং 6 ঘণ্টা 20 মিনিট আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। 2018 সালে জন্মগ্রহণকারী NYC-র সকল ছেলেমেয়ে এসব আসনের জন্য যোগ্য।
- **দীর্ঘায়িত দিবস এবং বছরের আসনগুলি** বিনামূল্যের কিংবা স্বল্পমূল্যের এবং বছরব্যাপী প্রতিদিন 10 ঘণ্টা পর্যন্ত আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। এই আসনসমূহের জন্য পরিবারের আয় এবং চাহিদার ভিত্তিতে যোগ্যতা নির্ধারিত হয়। আপনি যদি দীর্ঘায়িত দিবস এবং বছরের আসনে কোনও অফার পান, তবে আপনাকে একটি চাইল্ড কেয়ার আবেদনপত্র পূরণ করে আপনার সন্তানের যোগ্যতা নিশ্চিত করতে হবে।
- **হেড স্টার্ট আসনসমূহ** বিনামূল্যে প্রদত্ত এবং বছরব্যাপী প্রতিদিন সর্বোচ্চ 10 ঘণ্টা পর্যন্ত আর্লি কেয়ার তথা শৈশবকালীন সেবা ও শিক্ষা প্রদান করে। পরিবারের আয় এবং চাহিদার ভিত্তিতে হেড স্টার্ট-এ যোগ্যতা নির্ধারিত হয়। যদি আপনি একটি হেড স্টার্ট আসনের অফার পেয়ে থাকেন, তাহলে আপনার সন্তানের অংশগ্রহণের যোগ্যতা নিশ্চিত করতে প্রোগ্রামটি আপনার সাথে কাজ করবে।

প্রি-K অ্যাডমিশন সম্পর্কে আমাদের [ওয়েবসাইটে](#) আরো জানুন, যেখানে আপনি আমাদের ভিডিও প্রেলিস্ট দেখতে পাবেন। এছাড়াও আপনি যেসব প্রি-K বর্তমানে অফার করা হচ্ছে, সেগুলো [মাইস্কুলস্ প্রি-K ডিরেক্টরিতে](#) দেখতে পাবেন। একটি অ্যাকাউন্ট তৈরি করুন এবং পছন্দের প্রোগ্রামগুলো সেভ করতে আপনার সন্তানকে যোগ করুন।

আবেদনের সময় শুরু হবার আগে আমরা আবার যোগাযোগ করবো! ইতোমধ্যে, যদি আপনার সহায়তা প্রয়োজন হয়, তবে আপনি:

- ESenrollment@schools.nyc.gov -ঠিকানায় ইমেইল করতে পারেন।
- আমাদের 718-935-2009 নম্বরে ফোন করতে পারেন।
- একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করতে পারেন।

শুভেচ্ছান্তে,

প্রি-K অ্যাডমিশনস টিম